# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-12-2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী সংস্কার মুখী অর্থনীতির জনক ডক্টর মনমোহন সিং প্রয়াত। রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রী গভীর শোক প্রকাশ করেছেন।

পালিত হচ্ছে ৭ দিনের রাষ্ট্রীয় শোক।

২) সর্বকনিষ্ঠ হিসাবে ফিডের রেটিং পেয়ে বিশ্ব রেকর্ড গড়া খুদে দাবারু বাংলার অনিস সরকার রাষ্ট্রপতির হাত থেকে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার গ্রহণ করেছে।

৩) স্বামী বিবেকানন্দ জন্ম বার্ষিকীতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ এর সূচনা আগামী বছর হবে বলে প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন।

৪) পড়শি দেশে অস্থির পরিস্থিতির মধ্যেই অনুপ্রবেশকারী ও মানব পাচার চক্রের বিরুদ্ধে রাজ্যের বিভিন্ন সীমান্তবর্তী জেলায় লাগাতার অভিযান চলেছে ।

৫) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জয়েন্ট ৩-১ গোলে পাঞ্জাব এফসিকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং প্রয়াত। বয়স হয়েছিল ৯২ বছর। দিল্লির এইমস্-এ গত রাতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। দীর্ঘদিন তিনি বয়সজনিত অসুস্থতায় ভুগছিলেন।

বাড়িতেই তিনি সংজ্ঞা হারান। রাত আটটা নাগাদ এইমস-এর জরুরী বিভাগে তাঁর চিকিৎসা শুরু হয়। কিন্তু সমস্ত চেষ্টা ব্যর্থ করে দিয়ে রাত ন'টা ৫১ মিনিট নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

ডক্টর মনমোহন সিংয়ের মৃত্যুতে ঘোষিত হয়েছে সাত দিনের রাষ্ট্রীয় শোক। সমস্ত সরকারি কর্মসূচী বাতিল করা হয়েছে। সকাল ১১ টায় কেন্দ্রীয় মন্ত্রিসভা বৈঠকে বসছে। তার শেষকৃত্য পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে।

১৯৩২ সালের ২৬ শে সেপ্টেম্বর বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের চকওয়াল জেলার গাহতে  ডঃ মনমোহন সিংয়ের জন্ম। পিতা গুরুমুখ সিং এবং মা অমৃত কৌর। দেশ ভাগের পরই তাঁরা সপরিবারে অমৃতসর চলে আসেন।

চন্ডীগড় পাঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে ১৯৫২ সালে স্নাতক হন তিনি। ১৯৫৪ সালে স্নাতকোত্তর শেষ করার পর ইংল্যান্ডের কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতক হন। এরপর অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের নাফিল্ড কলেজ থেকে ১৯৬২ সালে ডিফিল করেন।

ভারতের সংস্কারমুখী অর্থনীতির জনক মনমোহন সিং দেশের অর্থনীতির আন্তর্জাতিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। পি ভি নরসীমা রাওয়ের প্রধানমন্ত্রীত্বের সময় তিনি অর্থমন্ত্রকের দায়িত্ব সামলেছেন। ২০০৪ থেকে ২০১৪ এই ১০ বছর কংগ্রেসের নেতৃত্বাধীন ইউপি এ সরকারের প্রধানমন্ত্রী ছিলেন ডক্টর মনমোহন সিং।

কৃতী ছাত্র,নামী শিক্ষক, ডঃ মনমোহন সিং তার বর্ণময় জীবনে ১৯৮২ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত রিজার্ভ ব্যাংকের গভর্নর ছিলেন। যোজনা কমিশনের উপা অধ্যক্ষের দায়িত্ব সামলেছেন ১৯৮৫ থেকে ১৯৮৭ সাল পর্যন্ত। অসম থেকে রাজ্যসভার সাংসদ মনমোহন সিং পি ভি নরসিমা রাওয়ের প্রধানমন্ত্রীতে ১৯৯১ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত

ছিলেন দেশের অর্থমন্ত্রী। দেশের অর্থনীতির উদারীকরণে এবং সংস্কারে গতি আনতে তার ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেন, ডঃ মনমোহন সিং সেই বিরল রাজনীতিবিদদের মধ্যে একজন যিনি একই রকম স্বাচ্ছন্দ্যে শিক্ষা ও প্রশাসনের কাজ করেছেন। ভারতীয় অর্থনীতির সংস্কারে সরকারি অফিসে তাঁর ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

উপ-রাষ্ট্রপতি তাঁর বার্তায় প্রাক্তন প্রধানমন্ত্রীকে বিশিষ্ট অর্থনীতিবিদ বলে অভিহিত করেন, যিনি ভারতের অর্থনৈতিক দৃশ্যপট বদলে দিয়েছিলেন।

গভীর শোক প্রকাশ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশ তার অন্যতম মহান এক নেতাকে হারালো। দেশের অর্থনৈতিক নীতি নির্ধারণে ডক্টর সিং গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। সাধারণ মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে তার অবদান দেশ চিরদিন মনে রাখবে।

শোকবার্তায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, তথ্য সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো,কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, কংগ্রেস নেতা রাহুল গান্ধী প্রমুখ প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও এক্স হ্যান্ডেলে শোকপ্রকাশ করে তাঁর সঙ্গে কাজ করার অভিজ্ঞতার কথা উল্লেখ করেছেন।

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য মনমোহন সিংয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করে বলেন তিনি অনন্য সাধারণ ব্যক্তিত্বের অধিকারী ছিলেন।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মনমোহন সিংয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন।

ডক্টর মনমোহন সিংয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

এক শোক বার্তায় শুভঙ্কর বাবু বলেন ,ডক্টর মনমোহন সিং ছিলেন জ্ঞানের, ঐক্যের ও সেবার এক উচ্চ স্তম্ভ। অর্থনীতিবিদ, রাজনীতিক হিসেবে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিশিষ্ট অর্থনীতিবিদ ডক্টর মনমোহন সিং এর প্রয়াণে সিপিআইএম গভীর শোক প্রকাশ করেছে। সিপিআইএম এর কোঅর্ডিনেটর প্রকাশ কারাত গভীর শোক প্রকাশ করে বলেন, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং ছিলেন, ধর্ম নিরপেক্ষ শক্তির প্রতি দায়বদ্ধ।

সিপিআইএম এর পলিটব্যুরোর সদস্য ও রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম শোক জ্ঞাপন করে বলেন, আত্মপ্রচারবিমুখ মনমোহন সিং অত্যন্ত সরল জীবন যাপন করতেন।

তাঁর আমলে সারে ভর্তুকি, ১০০ দিনের কাজ চালু, খাদ্য নিরাপত্তার মত জনমুখী কাজ হয়েছিল। শোক জ্ঞাপন করে প্রবীণ সিপিআইএম নেতা বিমান বসু।

প্রাক্তন প্রধানমন্ত্রী তথা বিশ্বভারতীর প্রাক্তন আচার্য ডঃ মনমোহন সিংয়ের প্রয়াণে পৌষ মেলার বিনোদন মঞ্চের যাবতীয় অনুষ্ঠান বাতিল করা হয়েছে। তবে, পৌষমেলা যথারীতি চলবে।

আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – চন্দ্রনাথ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুন দিল্লিতে ১৭ জন শিশুকে ৭ টি বিভাগে তাদের অসামান্য সাফল্যের জন্য "প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার" প্রদান করেছেন। শিল্প ও সংস্কৃতি, সাহসিকতা, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজসেবা, খেলাধুলা এবং পরিবেশে কৃতিত্বের জন্য ১৪ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের এই ১৭ জন শিশুকে পুরস্কার প্রদান করা হয়। প্রাপকদের হাতে তুলে দেওয়া হয় একটি করে পদক ও অভিজ্ঞানপত্র।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি মূর্মূ এই শিশুদের অভিনন্দন জানিয়ে বলেন, এরা প্রত্যেকেই অন্যন্য গুণের অধিকারী। তাদের সাফল্য গোটা দেশকে অনুপ্রাণিত করবে।

অনুষ্ঠানে রাষ্ট্রপতি বীর বাল দিবস উপলক্ষ্যে দশম শিখ গুরু, গুরু গোবিন্দ সিংহ-এর কনিষ্ঠ পুত্র সাহিবজাদার সাহসিকতা এবং আত্মত্যাগের কথা স্মরণ করেন এবং শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

উল্লেখ্য, ক্রীড়া বিভাগে পুরস্কারপ্রাপ্ত শিশুদের মধ্যে রয়েছে উত্তর ২৪ পরগনার ক্ষুদে দাবাড়ু অনীশ সরকারও। ফিডে ১ হাজার ৫শো ৫৫ এল ও রেটিং করে সর্বকনিষ্ঠ হিসেবে বিশ্বরেকর্ড গড়ায় অনীশকে আজ রাষ্ট্রীয় বীর বাল পুরষ্কার প্রদান করা হয়। পরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিজেতাদের সঙ্গে এক আলাপচারিতায় যোগ দেন। অনীশের মা রেশমা চ্যাটার্জী জানান, এই বিস্ময় প্রতিভা আগামী দিনে দেশকে আরো গৌরবান্বিত করবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেছেন।

(বাইট – রেশমা চ্যাটার্জী)

নতুন দিল্লীর ভারত মন্ডপমে বীর বাল দিবসের অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধানমন্ত্রী ঘোষনা করেন, আগামী বছরের শুরুতেই স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগের সূচনা হবে। বিকশিত ভারত গড়ে তোলার রূপরেখা স্থির করতে শহর ও গ্রামাঞ্চলের লক্ষাধিক যুবক যুবতী এই অনুষ্ঠানে অংশ নেবেন।

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী চলতি মাসের ৩০ তারিখ সন্দেশখালি যাচ্ছেন। ঐদিন দুপুরে সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে বিভিন্ন সরকারি প্রকল্পে ২০ হাজার উপভোক্তার হাতে সহায়তা প্রদানের তিনি সূচনা করবেন। মুখ্যমন্ত্রীর সন্দেশখালি সফর রাজনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করা

হচ্ছে। কারণ গত লোকসভা ভোট পর্বে ওই এলাকায় নারী নিগ্রহের অভিযোগ নিয়ে সর্বভারতীয় রাজনীতিতে আলোড়ন তৈরি হওয়ার পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম সন্দেশখালি সফর।

এছড়া আগামী ২ জানুয়ারী নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পড়শী দেশে অস্থির পরিস্থিতির মধ্যেই অনুপ্রবেশকারী ও মানব পাচার চক্রের বিরুদ্ধে রাজ্যের বিভিন্ন সীমান্তবর্তী জেলায় লাগাতার অভিযান চলেছে। নদীয়ায় রানাঘাট পুলিশ জেলার অন্তর্গত হাঁসখালি ও ধানতলা থানা এলাকায় অভিযান চালিয়ে মোট ১৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এদের মধ্যে দশজন বাংলাদেশি নাগরিক ও পাঁচজন অনুপ্রবেশে সাহায্যকারী টাউটার বা দালাল। ডিএসপি সোমনাথ ঝা গতকাল সাংবাদিকদের এ খবর জানিয়ে বলেন, এদের বিরুদ্ধে ইতিমধ্যেই তদন্ত শুরু হয়েছে।

(বাইট- সোমনাথ ঝা)

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের সমুদ্রগড় এর কাছে এক পথ দুর্ঘটনায় গতরাতে তিনজনের মৃত্যু হয়েছে, গুরুতর আহত আরো একজন হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ সূত্রে জানা গেছে, রাত নটা নাগাদ বাঁশদহ বিলের পাড়ে খাদ্যোৎসব থেকে ফেরার পথে দুই আরোহী সমেত একটি বাইকের সঙ্গে উল্টো দিক থেকে আসা একটি মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষ হলে এই বিপত্তি ঘটে। স্থানীয় সাধুরাশ্রম ও তুলসীডাঙ্গার মাঝে কালনা কাটোয়া এস টি কে রোডে ওই দুর্ঘটনায় গুরুতর আহত চারজনকে কালনা হাসপাতালে নিয়ে যাওয়া হলে তিনজনকে মৃত ঘোষণা করা হয়। স্থানীয়রা জানিয়েছেন দুটি মোটর বাইকই দ্রুত গতিতে ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে ডাউন সাবার্বান লাইনে আগামীকাল রাত সাড়ে ১১-টা থেকে রবিবার ২৯-শে ডিসেম্বর সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এজন্য আগামীকাল শিয়ালদা – ডানকুনির মধ্যে এক জোড়া ইএমইউ লোকাল বাতিল থাকবে।

এছাড়া আগামী রবিবার শিয়ালদা – বনগাঁ শাখা, হাসনাবাদ, ডানকুনি, কল্যাণী সীমান্ত, শান্তিপুর, কৃষ্ণনগর, নৈহাটি সহ কয়েকটি লাইনে বেশকিছু লোকাল ট্রেন বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

oooooooooooooooooooooo

দিল্লিতে আইএসএল ফুটবলে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট ৩-১ গোলে পাঞ্জাব এফ সি, কে হারিয়ে দেয়। এই জয়ের ফলে মোহনবাগান ১৩ ম্যাচে ২৯ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় শীর্ষে রইল।

oooooooooooooooooooooo

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মহামেডান স্পোর্টিং, ওড়িশা এফসির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১২ টি করে ম্যাচ খেলেছে। ওড়িশা ৫ টি জিতেছে, ৪ টি ড্র করেছে, তিনটিতে পরাজিত হয়েছে। ১৯ পয়েন্ট নিয়ে তারা লিগতালিকায় পঞ্চম স্থানে আছে। অন্যদিকে, আইএসএলে তাদের প্রথম মরসুমে মহামেডান স্পোর্টিং এখনো পর্যন্ত একটি ম্যাচ জিতেছে, দুটি ড্র করেছে ও ৯ টিতে পরাজিত হয়েছে। ৫ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগে তারা সবশেষে রয়েছে।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo